3 Yr. Degree/4 Yr. Honours 4th Semester Examination, 2026 (CCFUP)

Subject : Bengali

8118

Course: BENG4011 (MAJOR)

(মধ্যযুগের সাহিত্য)

Time: 3 Hours **Full Marks: 60**

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও; ২×১০=২০

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের জন্মখণ্ডে উল্লেখিত একটি ভণিতা লেখো। এই খণ্ডে গানের সংখ্যা ক-টি?

(খ) "লক্ষ্মীক বুলিল দেবগণে"– লক্ষ্মীদেবীকে আহ্বানের কারণ কী?

(গ) "তার পাছে যমল আর্জুন পাঠায়িল"– যমল আর্জুন কে?

(ঘ) "কংশের পহরী না জাণিল নিন্দভোলে"– কথাগুলির প্রসঙ্গ উল্লেখ করো।

(ঙ) "নাম পরতাপে যার ঐছন করল গো/ অঙ্গের পরশে কিবা হয়"– 'পরতাপ' এবং 'ঐছন' শব্দদুটির অর্থ লেখো।

(চ) "জ্ঞানদাস কহে নিছনি লৈয়া মরি"– 'নিছনি' কী? পদটি কোন পর্যায়ের পদ?

(ছ) "গুরুজন-বচন বধির সম মানই/ আন শুনই কহ আন"– কথাগুলির ভাবার্থ বিশ্লেষণ করো।

(জ) "দরশ পরশ লাগি আউলাইছে গা"– বক্তা কে? 'দরশ' এবং 'পরশ' শব্দদুটির অর্থ কী?

(ঝ) কালকেতু এবং ফুল্লরা পূর্বজন্মের নাম কী ছিল?

(ঞ) "জামাতা শ্বশুরে হৈল ভুজঙ্গ-নকুল"– এমন পরিস্থিতির কারণ কী?

(ট) "লোক লাজে স্বামী মোর কিছু নাহি কয়"— কার, কেন এমন আক্ষেপ?

(ঠ) "ফিরি ফিরি কালকেতু পাছুপানে চায়।।
মনে মনে কালকেতু করেন যুকতি।"– কালকেতুর এমন আচরণের কারণ কী?

(ড) "ওহে প্রাণনাথ গিরিবর হে,ভয়ে তনু কাঁপিছে আমার"– বক্তার ভয়ের কারণ কী?

(ঢ) "কেবল আসার আশা, ভবে আসা, আসা মাত্র হলো।
যেমন চিত্রের পদ্মেতে পড়ে, ভ্রমর ভুলে র'লো।।"– মর্মার্থ লেখো।

(ণ) "কি আছে তব অন্তরে, না পারি বুঝিতে"– কার, কেন এমন আক্ষেপ?

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও: ৫×৪=২০

(ক) "রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর"– পদটি কোন পর্যায়ের পদ? পদটির ভাবরূপ বিশ্লেষণ করো।

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের জন্মখণ্ড অবলম্বনে কাব্যটির বৈশিষ্ট্য আলোচনা করো।

(গ) "গুজরাট নগরেতে তুমি হবে নাথ"– কথাগুলির বক্তা কে? গুজরাট নগরে বিভিন্ন সম্প্রদায়ের বসতি স্থাপন প্রসঙ্গে মধ্যযুগীয় বাংলার সমাজবিন্যাসের যে তথ্যসমৃদ্ধ ছবি পাওয়া যায় তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঘ) "বাশুলী-আদেশে দ্বিজ চণ্ডীদাস কয় / পরের লাগিয়া কি আপন পর হয়"– পদকর্তার এমন আক্ষেপের স্বরূপ বিশ্লেষণ করো।

(ঙ) চণ্ডীমঙ্গল কাব্যের গ্রন্থ-উৎপত্তির কারণ অংশটিতে মুকুন্দ নিজের জীবনের দুঃখ-দারিদ্র্যের যে ইতিহাস ব্যক্ত করেছেন তার পরিচয় দাও।

(চ) "ওরে নবমী-নিশি, না হইও রে অবসান" —পদটির পদপর্যায় উল্লেখ করে পদটির কাব্যসৌন্দর্য ব্যাখ্যা করো।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও: ১০×২=২০

(ক) "তাতল সৈকত বারিবিন্দু সম"– পদটির পর্যায় উল্লেখ করে এই জাতীয় পদ রচনায় পদকর্তার শ্রেষ্ঠত্ব বিচার করো।

(খ) কালকেতু চরিত্রটিকে অবলম্বন করে কবিকঙ্কণের চরিত্র নির্মাণের দক্ষতার পরিচয় দাও।

(গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের জন্মখণ্ডে শ্রীকৃষ্ণ এবং শ্রীরাধিকার রূপ-সৌন্দর্যের যে বর্ণনা আছে তা তুলে ধরো।

(ঘ) পাঠ্য পদ অবলম্বন করে রামপ্রসাদ সেন এবং কমলাকান্ত ভট্টাচার্যের কবিপ্রতিভার তুলনামূলক আলোচনা করো।
